




দৈনিক পূর্বকোণ



মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেডিং নম্বর: ৫-৮৯ || ৩৯তম বর্ষ ২০ম সংখ্যা || ৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ || ৮ শাবান ১৪৪৫ হিজরি || Monday 19 February 2024 || ১২ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

আইআইইউসিতে চট্টগ্রাম বিভাগীয় বিজ্ঞান অলিম্পিয়াড

বাংলাদেশ বিজ্ঞান একাডেমি ও ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকের যৌথ উদ্যোগে বিএএস-এফএ-সআইবিএল বিজ্ঞান অলিম্পিয়াড-২০২৪ এর বিভাগীয় বাছাইপর্ব গত ১৭ ফেব্রুয়ারি দিনব্যাপী আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে। ক্যাম্পাসে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সংগীতের মাধ্যমে চট্টগ্রাম বিভাগীয় বিজ্ঞান অলিম্পিয়াড ২০২৪ এর সূচনা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন, আইআইইউসি এর

আইআইইউসি'র বিওটি চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। সনদ বিতরণী অনুষ্ঠানে চট্টগ্রাম বিভাগীয় বিজ্ঞান অলিম্পিয়াড ২০২৪ এর সমন্বয়ক এবং আইআইইউসি আইকিউএসি এর ডিরেক্টর প্রফেসর ড. এম দেলোয়ার হোসেন এর সভাপতিত্বে অতিথি ছিলেন চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শেখ কামাল আইটি বিজনেস ইনকিউবেটরের



আইআইইউসিতে বিজ্ঞান অলিম্পিয়াডের সনদ বিতরণী অনুষ্ঠানে অতিথিবৃন্দ

উপ-উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ মহরুরুল মওলা। এ সময় উপস্থিত ছিলেন চট্টগ্রাম বিভাগীয় বিজ্ঞান অলিম্পিয়াড ২০২৪ এর সমন্বয়ক এবং আইআইইউসি আইকিউএসি এর ডিরেক্টর প্রফেসর ড. এম দেলোয়ার হোসেন ও বিভিন্ন ফ্যাকাল্টির শিক্ষকবৃন্দ এবং ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকের কুমিরা ব্রাঞ্চ ম্যানেজার মো. ফজলুল হক। এরপর চট্টগ্রাম বিভাগীয় বিজ্ঞান অলিম্পিয়াড-২০২৪ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করে। পরে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর কেন্দ্রীয় অডিটোরিয়ামে চট্টগ্রাম বিভাগীয় বিজ্ঞান অলিম্পিয়াড-২০২৪ এর বাছাইকৃত শিক্ষার্থীদের মাঝে সনদ বিতরণ করা হয়। সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন

পরিচালক ও আইআইইউ বাংলাদেশ সেকশনের সভাপতি প্রফেসর ড. এম. মশিউল হক। সনদ বিতরণী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজ এর ভাইস-চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দ্বীন মোহাম্মদ, সোসাইটি ফর ম্যাথাম্যাটিকাল বায়োলজির সভাপতি প্রফেসর ড. মো. হায়দার আলী বিশ্বাস, আইআইইউসির রেজিস্ট্রার এএফএম আক্তারুজ্জামান কায়সারসহ শিক্ষক-শিক্ষিকাবৃন্দ। চট্টগ্রাম বিভাগীয় বিজ্ঞান অলিম্পিয়াড ২০২৪ থেকে মেধা অনুযায়ী ২৫ জন শিক্ষার্থী নির্বাচিত হয়েছে, যারা আগামী ৯ মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হলে চূড়ান্ত পর্বে অংশগ্রহণ করবে।-বিজ্ঞপ্তি